আটপাড়া উপজেলা পরিষদ কার্যালয়
উপজেলা: আটপাড়া, জেলা: নেত্রকোণা।

আটপাড়া উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২৩ মাসে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ খায়রুল ইসলাম<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, আটপাড়া, নেত্রকোণা। |
| সভার তারিখ | : | ২০ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিঃ |
| সভার সময় | : | বেলা : ১০.০০ ঘটিকা। |

সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর স্বাগত বক্তব্যসহ সভার কার্যক্রম পরিচালনা করার জন্য জনাব মোঃ শাকিল আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা-কে অনুরোধ করেন। চেয়ারম্যান মহোদয়ের অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৩ মাসের কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং এতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী এ মাসের মাসিক সভায় বিভাগ ভিত্তিক কার্যক্রম আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

**০১। বিভাগীয় আলোচনা :**

| ক্র: নং | বিভাগীয় আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, ছয়াশি আশ্রয়ন প্রকল্পের গবাদিপশুকে বিনামূল্যে টিকা প্রদান করা হয়েছে। উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের পরিত্যক্ত ভবন ভাঙ্গার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভার উপস্থাপন করা হয়। প্রাণিসম্পদ প্রদর্শণী-২০২৩ কে সফল করার জন্য সকলের উপস্থিতি ও সহযোগিতা কামনা করা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ইউপি চেয়ারম্যানগণের সাথে সমন্বয়ের মাধ্যমে কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা<br>আটপাড়া,নেত্রকোণা |
| ০২. | **উপজেলা স্বাস্থ্য ও প: প: বিভাগ:**<br>প্রতিনিধি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তার পিআরএল শুরু হওয়ায় নতুন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দরকার। তিনি আরো জানান যে, ডাক্তার স্বল্পতার রয়েছে তাই সেবার কেত্রে কিছুটা সমস্যা হচ্ছে। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নির্দেশনা কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |
| ০৩. | **কৃষি বিভাগ:**<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরের বোরো আবাদের লক্ষমাত্রা ছিল ১২২৮০ হেক্টর। অর্জন হয়েছে ১২৩৮৫ হেক্টর জমিতে। বোরো মৌসুমে কৃষকগণ যাতে সরকারিমূল্যে সার পায় সে জন্য কৃষি বিভাগ সর্বোচ্চ সার মনিটরিং জোরদার করার লক্ষ্যে প্রতিনিয়ত কাজ করে যাচ্ছে। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | সার ও বীজ মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে । | উপজেলা কৃষি অফিসার<br>আটপাড়া, নেত্রকোণা। |
| ০৪. | **ত্রাণ ও দুর্যোগ বিভাগ:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান | ইউপি চেয়ারম্যানগণ দ্রুত কাবিটা, | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, |

| | | | |
|---|---|---|---|
| | যে, কাবিটা, কাবিখা ও টিআর, ১৫ মিটার ব্রীজ, ইজিপিপি(+), এইচবিবি করণ প্রকল্পের কাজ চলমান। বর্তমানে ইজিপি(+) এর প্রকল্প সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রকল্প। এই প্রকল্পটি সফল ভাবে সম্পূর্ন করার জন্য ট্যাগ অফিসার, ইউপি চেয়ারম্যানদের কে পরিদর্শনের মাধ্যমে সহায়তা করার জন্য অনুরোধ করা হয়। ৩টি ব্রীজের কাজ চলমান রয়েছে। কাবিখা, কাবিটা, টিআর, এর দ্বিতীয় পর্যায়ে তালিকা ইউনিয়ন পর্যায়ে থেকে পাওয়া গেছে যার পরবর্তীতে প্রকল্প তালিকা প্রস্তুত করে পরবর্তীতে জেরা কাবিখা কমিটিতে অনুমোদনের জন্য প্রেরণ করা হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাবিখা, টিআর এবং ইজিপিপি এর প্রকল্প কাজ দুত সম্পন্ন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | আটপাড়া,নেত্রকোণা। |
| ০৫. | **প্রাথমিক শিক্ষা বিভাগ:**<br>উপজেলা শিক্ষা অফিসার, আটপাড়া জানান যে, আটপাড়া উপজেলার শিক্ষা অফিসে কক্ষ স্বল্পতা ও জরাজীর্ণ যা সভাপতি মহোদয় জ্ঞাত আছেন। আলাদা ভবন নির্মাণের সু-ব্যবস্থা করা হলে বই বিতরণসহ অন্যান্য কার্যক্রমন সুষ্টুভাবে পরিচালনা কার সহজতর হবে। এই ব্যাপারে সভাপতি মহোদয়ের সু-দৃষ্টি কামনা করেন। উপজেলা পর্যায়ে জাতীয় শিক্ষাপদক প্রতিযোগিতা-২০২৩ এ ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় আর্থিক ভাবে সহযোগিতা করার জন্য এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছোট ছোট শিক্ষার্থীদের উৎসাহ প্রদান করার জন্য ধন্যবাদ ও আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিদ্যালয়সমূহে নিয়মিত ভিজিট অব্যাহত রাখতে হবে। | ০১. চেয়ারম্যান উপজেলা পরিষদ আটপাড়া, নেত্রকোণা।<br>০২. উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা<br>০৩. উপজেলা শিক্ষা অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৬. | **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজ সেবা অফিসার, আটপাড়া জানান যে, সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির আওতায় আটপাড়া উপজেলার সকল প্রতিবন্ধী ব্যক্তিদের ভাতার জরিপ কার্যক্রম চলমান রয়েছে। নিয়মিত ভাতাভোগীদের ২০২২-২০২৩ অর্থ বছরের ২য় কিস্তির পে-রোল প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির আওতায় ভাতা প্রাপ্তিতে যেন কোন জটিলতা সৃষ্টি না হয় সে বিষয়ে সজাগ থাকতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৭. | **স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:**<br>উপজেলা প্রকৌশলী, আটপাড়া জানান যে, তার কার্যালয়ের জনবল সংকটের জন্য কাজের মনিটরিং সদস্যা হচ্ছে। দুওজ বাজার স্থাপনা অপসারন কারা প্রয়োজন। উপজেলা মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরী স্থাপনের জন্য স্থান প্রয়োজন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিষদের আওতায় গৃহীত প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১. উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা। |
| ০৮. | **সমবায় বিভাগ:**<br>উপজেলা সমবায় কর্মকর্তা, আটপাড়া জানান যে, উপজেলা সমবায় কর্মকর্তা, আটপাড়া জানান যে, পূর্বের আশ্রয়ন-২ প্রকল্পে বিতরণ করা ঋণ ফেব্রুয়ারি/২০২৩ খ্রি. মাসে ৩১০০/- টাকা আদায়করা হয়েছে। আশ্রয়ন-২ এর আওতায় পূণর্বাসিত পরিবারের সদস্যদের নিয়ে ভরতোষী আশ্রয়ন সমবায় সমিতি নিবন্ধন প্রদান করা হয়েছে। অন্যান্য আশ্রয়নে বসবাসকারীদের নিয়ে সমবায় সমিতি গঠনের প্রক্রিয়া চলমান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ আদায় কার্যক্রম জোরদার করতে হবে এবং আশ্রয়ণ প্রকল্পে সমবায় সমিতি গঠন ও নিয়মিত মনিটরিং করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার আটপাড়া, নেত্রকোণা। |

| | | | |
|---|---|---|---|
| ৯. | **যুব উন্নয়ন অধিদপ্তর:** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ আদায়ে কার্যক্রম চলমান। প্রশিক্ষণ কার্যক্রম স্বাভাবিক চলমান। শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৩ এর বিজ্ঞপ্তি অনুযায়ী যোগ্য প্রার্থীদের আবেদন দেয়ার জন্য সকলকে অবগত করা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে এবং ঋণ আদায়ে মাঠ ভিজিট বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার আটপাড়া,নেত্রকোণা। |
| ১০. | **পরিবার পরিকল্পনা বিভাগ:** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| ১১. | **পল্লী উন্নয়ন বিভাগ:** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ এবং আদায় কার্যক্রম অব্যহত রয়েছে। খেলাপী ঋণ আদায়ের জন্য সমিতি/দল পর্যায়ে সদস্য ওয়ারী ঋন পরিশোধের জন্য নোটিশ প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ আদায় কার্যক্রম জোরদার করতে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা। |
| ১২. | **মৎস্য বিভাগ:** উপজেলা মৎস্য কর্মকর্তা অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা |
| ১৩. | **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা:** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩ সনের বিনামুল্যের পাঠ্যপুস্তক বিতরণ সম্পন্ন হয়েছে। এছাড়াও তিনি আরো বলেন যে, বালিকান্দি জামিয়া ইসলামিয়া দাখিল মাদরাসায়, শিক্ষক সংকটের প্রেক্ষিতে সিরাজাম মুনীরা দাখিল মাদ্রাসা থেকে ইংরেজি শিক্ষক দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলেক ধন্যবাদ জানান। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| ১৪. | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা:** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা ভিডব্লিউবি'র কার্যক্রম ২০১৯-২০২০ এবং ২০২১-২০২২ চক্রের তালিকা সকল ইউপি চেয়ারম্যানের সহযোগিতায় সম্পন্ন হয়েছে। মা ও শিশু সহায়তা ভাতা সকল ইউনিয়ন হতে অনলাইন সুপারিশকৃত তালিকা না পাওয়ায় চুড়ান্ত তালিকার কাজ করা যচ্ছে না। তিনি জানান যে, আইজিএ প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম বর্তমানে স্থগিত করা হয়েছে। কিশোর-কিশোরী ক্লাবের নতুন ব্যাচের কার্যক্রম চলমান আছে। নিয়মিন পরিদর্শন করা হচ্ছে। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মা ও শিশু সহায়তা ভাতার কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার এবং কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক অফিসার আটপাড়া, নেত্রকোণা।<br>২. চেয়রম্যান ইউপি (সকল)। |
| ১৫. | **উপজেলা খাদ্য বিভাগ:** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| ১৬. | **উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:** | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য |

| | | | |
|---|---|---|---|
| | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য জানান যে, মুজিববর্ষের স্থাপিত ঘরসমূহের নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরের WATSON কমিটির ইতোমধ্যে হয়েছে। দ্রুত স্থান তালিকা দেয়ার জন্য অনুরোধ জানান। আর্সেনিক স্ক্রিনিং কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তার বিভাগের অন্যান্য কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | হবে। | আটপাড়া, নেত্রকোণা |
| ১৭. | **বিদ্যুৎ বিভাগ, আটপাড়া**<br>সহকারী জেনারেল ম্যানেজার সভায় জানান যে, চলমান সেচ মৌসুমে এবং আসন্ন রমজান মাসে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা জন্য বিদ্যুৎ অফিস সর্বদা চেষ্টা চালিয়ে যাচ্ছে। বিদ্যুৎ বিল আদায়ের জন্য বিভিন্ন এলাকায় সংযোগ বিচ্ছিন্ন করায় গ্রাহকদের সাথে কিছু সমস্যা হচ্ছে এ জন্য ভ্রাম্যমান আদালতের মাধ্যমে সমস্যা সমাধানের জন্য উপজেলা নির্বাহী অফিসারের সহযোগীতা কমনা করেন। এছাড়া তার বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | আসন্ন রমান মাস এবং সেচ মৌসুমে কৃষক নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ যেন পায় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী জেনারেল ম্যানেজার, আটপাড়া পল্লী বিদ্যুৎ সমিতি, আটপাড়া, নেত্রকোণা। |
| ১৮ | **তথ্যসেবা বিভাগ,(তথ্যআপা), আটপাড়া:**<br>**তথ্যআপা কর্মকর্তা সবায় জানান যে, ডোর টু ডোর কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক ভাবে চলছে। গত জানুয়ারি/২০২৩ এবং চলতি ফেব্রুয়ারি/২০২৩ মাসে পর্যন্ত মোট ০৪ (চার) টি উঠান বৈঠক করার করার নির্দেশনা রয়েছে এবং নিয়মিত উঠান বৈঠক করা হচ্ছে। তথ্য কেন্দ্রে চাকরির আবেদন, প্রেসার পরিমাপ, ডায়বেটিকস পরীক্ষা, ওজন ও উচ্চতা পরিমাপ করা হচ্ছে।** | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |

০৩ (১)চেয়ারম্যান, স্বরমুশিয়া ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

০৩ (২)চেয়ারম্যান, শুনই ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, তার ইউনিয়নের (EGPP+) কর্মসূচির কাজ চলমান আছে। আটপাড়া-বারহাট্টা রোডে লাঙ্গালিয়া স্থানে একটি গাছ হেলে আছে, গাছটি যে কোন সময় পরে যাওয়ার সম্ভাবনা রয়েছে তাই উক্ত গাছটি কাটার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

০৩(৩)চেয়ারম্যান, দুওজ ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, তার ইউনিয়নে ১নং ওয়ার্ডে কমিউনিটি ক্লিনিক নেই, ক্লিনিক স্থাপনে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি অনুরোধ জানান।

৩ (৪)চেয়ারম্যান, লুনেশ্বর ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, লুনেশ্বর কমিউনিটি ক্লিনিকে কর্মকর্তা/কর্মাচারী না থানায় ক্লিনিকটি বন্ধ আছে। লুনেশ্বর কমিউনিটি ক্লিনিকে CHCP দিয়ে ক্লিনিকটি চালু কারার জন্য অনুরোধ করেন।

০৩ (৫) চেয়ারম্যান, তেলিগাতী ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

০৩ (৬)চেয়ারম্যান, সুখারী ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

০৪। ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, হাসপাতালে ডাক্তার স্বল্পতার জন্য রোগিরা নিয়মিত সঠিক চিকিসা পাচ্ছে না। ইমার্জেন্সিতে ডাক্তার পাওয়া যায়না। হসাপাতালে ডাক্তারের শূন্য পদ পুরেনর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

০৬। উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন। তিনি সভার শুরুতেই গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন সর্বকালে সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে জিনি ভাষা আন্দোলেন নেতৃত্ব দিয়েছেন। তিনি আরো স্মরণ করছে ভাষা আন্দোলনে শহীদ রফিক, সফিক, সালাম, বরকত, জব্বারসহ নাম নাজানা আরো অনেকেই। তিনি আরো শ্রদ্ধাভরে স্মরণ করেন মহান মুক্তিযোদ্ধে শাহাদাত বরণকারী ৩০ লক্ষ শহীদ ও ২ রক্ষ সম্ভ্রম হারানো মা-বোনের স্মৃতির প্রতি। তিনি বলেন যে, সরকারের উন্নয়নমূলক কাজ গুলো জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার জন্য জনপ্রতিনিধিসহ সকল কর্মকর্তাদের এগিয়ে আসতে হবে এবং সুখী ও সমৃদ্ধ দেশ বিনির্মাণে সকলের একসাথে কাজ করতে হবে। আসন্ন রমজান মাস ও চলমান বোরো মৌসুমে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানান। (EGPP+) কর্মসূচীর কাজ যথাযথভাবে বাস্তবায়েনর জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকলকে আহবান জানান। এছাড়া সকল বিভাগের সরকারি দায়িত্ব যথাযথভাবে পালন করার জন্য আহবান জানান।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন। তিনি সভার শুরুতেই গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে জিনি ভাষা আন্দোলেন নেতৃত্ব দিয়েছেন। তিনি স্মবরণ করেন ভাষা আন্দোলনে সেইসব শহীদের প্রতি যারা মাতৃভাষার জন্য জীবন দিয়েছেন। তিনি আরো বলেন যে, চলমান বোরো মৌসুমে সারের কৃত্রিম সংকট লাঘবে ইউনিয়ন পর্যায়ের ডিলারগণ নিজ নিজ বিক্রয় প্রতিষ্ঠার সামনে সারের মূল্য তালিকা টানিয়ে রাখতে হবে এবং ইহা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তিনি অনুরোধ জানান। মাঠ পর্যায়ে কমিউনিটি ক্লিনিকসহ সরকারি প্রতিষ্ঠানে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন না করার জন্য তিনি এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, আটপাড়াকে অনুরোধ জানান। এছাড়াও তিনি জানান যে, জনপ্রতিনিধি, সকল বিভাগীয় কর্মকর্তা এবং ইউপি চেয়ারম্যানগণকে বার্ষিক উন্নয়ন কর্মসূচির কাজসহ অন্যান্য উন্নয়নমূলক কাজ যথাযথ সময়ে সম্পন্ন করার জন্য বাস্তব পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ জানান।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/২/২৩

(মোঃ খায়রুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আটপাড়া, নেত্রকোণা

স্মারক নং- ০৫.৪৫.৭২০৪.০০১.০৬.০০৪.২২-৯৪৬

তারিখঃ ০৭ ফাল্গুন ১৪২৯ বাংলা
২০ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১. মাননীয় সংসদ সদস্য, ১৫৯ নেত্রকোণা-৩ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, নেত্রকোণা।
০৫. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা
০৬. উপজেলা ..................................................অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
০৭. চেয়ারম্যান ..................................................ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০৮. জনাব ..........................................................................................

২০/০২/২৩

(মোঃ শাকিল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা
ফোন নং: ০৯৫২২-৭৪০০১